



বাংলাদেশ ব্যাংক
ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০



বিজ্ঞপ্তি নং- ১০৪/২০২০

তারিখ : ০৯ আশ্বিন ১৪২৭
২৪ সেপ্টেম্বর ২০২০

ব্যাংকার্স সিলেকশন কমিটি এর সদস্যভুক্ত ৯টি ব্যাংকে 'অফিসার (জেনারেল)' পদে নিয়োগের উদ্দেশ্যে
প্রার্থীদের MCQ Test এবং লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড প্রসঙ্গে।

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে ৯টি ব্যাংকে (সোনালী ব্যাংক লিমিটেড, জনতা ব্যাংক লিমিটেড, রূপালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ ও কর্মসংস্থান ব্যাংক) সাধারণ নিয়োগ নীতিমালার আওতায় শিরোনামোক্ত পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test এবং লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<http://erecruitment.bb.org.bd>) আপলোড করা হয়েছে।

পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের আগামী ১৩/১০/২০২০ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। পরীক্ষার তারিখ, সময় এবং পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকসমূহের ওয়েবসাইট এবং জাতীয় দৈনিকের মাধ্যমে প্রকাশ করা হবে।

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পরে কোনো অবস্থাতেই প্রার্থীদের প্রবেশপত্র সংগ্রহের সুযোগ থাকবে না।

স্বাক্ষরিত

(আরিফ হোসেন খান)

মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক

ও

সদস্য-সচিব, বিএসসি